১৩/৮/২০০১

দৈনিক সংবাদ

তারিখ ........
পৃষ্ঠা ৭ কলাম ........

## ইসলামী বিশ্ববিদ্যালয়

# হল ছাত্রীদের টেলিফোন ব্যবহারে কড়াকড়ি আরোপ করে নয়া আইন ॥ ছাত্রীদের প্রতিবাদ

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রভোস্ট কাউন্সিল আবাসিক হলের ছাত্রীদের টেলিফোন ব্যবহারের ওপর কড়াকড়ি আরোপ করে নতুন আইন করেছে।

গত ৮ই আগস্ট প্রভোস্ট কাউন্সিলের সভাপতি ও খালেদা জিয়া হল প্রভোস্ট ড. আ ব ম মুখলেছুর রহমানের সভাপতিত্বে প্রভোস্ট কাউন্সিলের বৈঠকে এ আইন পাস হয়।

নতুন আইনে বলা হয়, ক্যাম্পাসের ভেতর থেকে কোন ছাত্রীর কাছে টেলিফোন এলে তাকে ডেকে দেয়া হবে না। হল থেকে প্রয়োজন হলেও কোন ছাত্রী ক্যাম্পাসে টেলিফোন করতে পারবে না। এছাড়া রাত ১০টার পর টেলিফোন সেট উঠিয়ে রাখা হবে। সকাল ৮টা থেকে অফিস চলাকালীন বেলা ২টা পর্যন্ত বাইরে থেকে কোন ছাত্রীর টেলিফোন আসলেও ডেকে দেয়া হবে না। ছাত্রীরা শুধু বেলা ২টার পর থেকে রাত ১০টা পর্যন্ত কুষ্টিয়া শহরে টেলিফোন করার সুযোগ পাবে। যে সকল ছাত্রী এ আইন অমান্য করবে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে বলে বৈঠক সূত্রে জানা গেছে।

ছাত্রীদের টেলিফোন ব্যবহারের ওপর কিছু আইন পাস হওয়ার ব্যাপারে জনৈক হাউসটিউটর 'সংবাদ'কে বলেন ছাত্রীদের সাথে আলোচনা করেই এ নিয়ম করা হয়েছে। তিনি আরো বলেন, ক্যাম্পাসের মধ্যে টেলিফোন করার সুযোগ থাকার কারণে বাইরে থেকে অনেক ছাত্রীর অভিভাবক টেলিফোন করে লাইন পায় না। এছাড়া যারা একবার টেলিফোন সেটের কাছে যায়। তারা ঘণ্টার পর ঘণ্টা টেলিফোন নিয়ে বসে থাকে। অন্য ছাত্রীরা টেলিফোন ব্যবহার থেকে বঞ্চিত হয়।

এদিকে আবাসিক হলের ছাত্রীরা এ সকল অভিযোগ অস্বীকার করে বলেছে, তাদের সাথে কোন আলোচনা ছাড়াই টেলিফোন ব্যবহার নিষিদ্ধ করেছে। ছাত্রীরা এ আইন মানবে না বলে হল কর্তৃপক্ষকে জানিয়ে দিয়েছে।

ছাত্রী হলে সূর্যাস্ত আইন কঠোরভাবে মেনে চলার জন্য হল গেটদের নির্দেশ দিয়ে সন্ধ্যা ৭টা ১০ মিনিটে হল গেট বন্ধ করে দেয়ার নির্দেশ দেয়া হয়েছে।